এবার রংপুরের সড়কে থ্রিডি জ্রেবা ক্রসিং

রংপুর শহরের বাসিন্দারা পাচ্ছেন থ্রিডি জ্রেবা ক্রসিং। শিক্ষার্থীসহ পথচারীদের নিরাপদে রাস্তা পারাপারে রংপুর নগরীর জিলা স্কুল ও সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সামনে পরীক্ষামূলকভাবে এই থ্রিডি জেব্রা ক্রসিং আঁকা হচ্ছে। রংপুর সিটি কর্পোরেশনের অর্থায়নে এই কার্যক্রম বাস্তবায়িত হচ্ছে।
বরিশালের পর দ্বিতীয় নগরী হিসেবে আধুনিক এ পদ্ধতি ব্যবহারে নাম লেখাল রসিক। কাশফিয়া কন্সট্রাকশন নামে একটি প্রতিষ্ঠান রংপুরে এই থ্রিডি জেব্রা ক্রসিং অঙ্কনের কাজ করছেন। শিল্পী কামরুল হাসানের সার্বিক দিক নির্দেশনা ও তত্ত্বাবধানে ছয়জন এই কাজে যুক্ত রয়েছেন।
রসিক মেয়রের একান্ত সচিব জাহিদ হোসেন লুসিড বলেন, দুর্ঘটনা এড়িয়ে নিরাপদে রাস্তা পারাপারের সুবিধার জন্য পরীক্ষামূলকভাবে নগরীতে দুটি স্কুলের মোড়ে থ্রিডি জেব্রা ক্রসিং আঁকা হচ্ছে। দু- একদিনের মধ্যে এর উদ্বোধন করা হবে। পর্যায়ক্রমে নগরীর গুরুত্বপূর্ণ সব রাস্তার মোড়ে এই ক্রসিং করা হবে।
তিনি জানান, তিন রঙের স্ট্রাইপ দিয়ে রঙিন করে তোলা হয়েছে থ্রিডি জেব্রা ক্রসিং। ফলে গাড়ি চালকরা যেমন পথচারীদের রাস্তা পারাপারকে গুরুত্ব দেবেন, তেমনি শিক্ষার্থীরাসহ পথচারীরাও এটি ব্যবহারে উৎসাহিত হবেন। এ বিষয়ে রংপুর জিলা স্কুলের শিক্ষার্থী ফুয়াদ হাসান বলেন রসিকের এমন উদ্যোগ সত্যি প্রশংসার দাবি রাখে এবং সেই সাথে দূর্ঘটনা থেকে রক্ষা করবে।